

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৭/০৪/২০২২ খ্রি.

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে রেজিস্ট্রেশন (eSIF) সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান, মানবিক, ব্যবসায়শিক্ষা গ্রুপ) ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) প্রক্রিয়া আগামী ১০/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। এ লক্ষ্যে অবশ্যই নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।

### শর্তাবলী:


১। রেজিস্ট্রেশন কার্ডে ছবি সংযোজনের জন্য (120×150 pixels, image type: jpg এবং maximum file size: 15kb) একটি Soft Copy প্রয়োজন। তাই শিক্ষার্থীদের সুবিধার্থে টিটিসি মোড় সংলগ্ন নির্ধারিত “স্টুডিও চিত্রমেলা”-এ ছবি উঠানো হবে তবে ছবি উঠানোর সময় ভর্তি ফি পরিশোধ সংক্রান্ত Pay Slip অবশ্যই সঙ্গে আনতে হবে।

বিভাগ	রোল নম্বর	ছবি তোলা তারিখ	ছবি তোলা স্থান
মানবিক	২১০০০১০০১ হতে ২১০০০১৪১৭	১৮/০৪/২০২২ হতে ১৯/০৪/২০২২	“স্টুডিও চিত্রমেলা” টিটিসি মোড়, কল্যাণপুর, রাঙ্গামাটি
বিজ্ঞান	২১০০০৫০০১ হতে ২১০০০৫২৮৬	২০/০৪/২০২২ হতে ২১/০৪/২০২২	
ব্যবসায় শিক্ষা	২১০০০৩০০১ হতে ২১০০০৩১৬৭	২৩/০৪/২০২২ হতে ২৪/০৪/২০২২	

২। বর্ণিত সময়ের মধ্যে ছবি তোলা পরে রেজিস্ট্রেশন কার্ডের নমুনার জন্য প্রিন্টআউট কপি আগামী ০৯/০৫/২০২২ খ্রি. তারিখে কলেজের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশ করা হবে। প্রিন্টআউট কপিতে যাচাই করে কোন তথ্য ভুল (ছবি, নাম, পিতার নাম, মাতার নাম, রোল নম্বর, বিভাগ, গৃহিত বিষয়) পরিলক্ষিত হলে সেদিনই নিজ দায়িত্বে ১। জনাব সাধন মনি চাকমা, অফিস সহকারী অথবা ২। জনাব মোঃ আলমগীর, ডাটা এন্ট্রি অপারেটর-এর সাথে সরাসরি যোগাযোগ করে সংশোধন করতে হবে। শুধু রোল নম্বর সংক্রান্ত সমস্যা সৃষ্টি হলে কলেজ অফিসের সাথে যোগাযোগ করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা সৃষ্টি হলে, কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে সৃষ্ট জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। চূড়ান্ত প্রিন্টআউট কপিতে স্বাক্ষর করার তারিখ পরবর্তীতে জানানো হবে।

  
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

### অনুলিপি: অবগতি ও কার্যার্থে-

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহবায়ক, একাদশ ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি/২০২১-২২, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। জনাব সাধন মনি চাকমা, অফিস সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। জনাব মোঃ আলমগীর, ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৬। স্টুডিও চিত্রমেলা, টিটিসি সড়ক মুখ, কল্যাণপুর, রাঙ্গামাটি;
- ৭। সংরক্ষণ নথি।